

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moa.gov.bd


স্মারক নং-১২.০০.০০০০.০২১.০৬.০৮৪.২৩.৪৩২

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

বিষয়: অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় কৃষি উপদেষ্টার সাথে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্ত অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২১ আগস্ট, ২০২৪ তারিখ বুধবার, সকাল ১১.৩০ ঘটিকায় অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় কৃষি উপদেষ্টার উপস্থিতিতে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য মানসম্পন্ন বীজ কৃষকদের মাঝে বিতরণ করতে হবে।
- খ. কৃষি পণ্যের উৎপাদন ব্যয়ের সঠিক তথ্য প্রকাশ করতে হবে।
- গ. পরিমিত পরিমাণে সার ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ঘ. কৃষি উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদেরকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।
- ঙ. ইউরিয়া সারসহ অন্যান্য সার যথাসময়ে ও ন্যায্য মূল্যে কৃষকের নিকট পৌঁছাতে হবে। সারের সরবরাহ ঠিক রাখতে যথাসময়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- চ. সঠিক টিম ওয়ার্কের মাধ্যমে প্রত্যেক দপ্তর/সংস্থার কাজের সমন্বয় নিশ্চিত করতে হবে।
- ছ. কৃষি পণ্যের উৎপাদন ব্যয় হ্রাসকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। উৎপাদন বৃদ্ধির স্বার্থে যা কিছু প্রয়োজন করতে হবে।
- জ. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অবস্থান আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।
- ঝ. দুর্নীতিকে কোনো ভাবেই প্রশ্রয় দেয়া হবে না। এছাড়া সেবা গ্রহণের ক্ষেত্রে কেউ যেন হয়রানির স্বীকার না হন সে বিষয়ে সাবধানতা অবলম্বন করতে হবে।
- ঞ. আলু উৎপাদনে কৃষককে যথাসময়ে আলু বীজ, সার ও প্রযুক্তি সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।
- ট. মধ্যস্বত্বভোগী ও অসাধু তৎপরতার কারণে কৃষক যাতে ন্যায্য দাম হতে বঞ্চিত না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ঠ. ধান উৎপাদন অগ্রাধিকারের পাশাপাশি আলু, পেয়াজ ও তৈলবীজ উৎপাদনকে অগ্রাধিকার দিতে হবে এবং অল্প জমিতে বেশি পরিমাণ ফসল উৎপাদনের লক্ষ্যে উন্নততর জাত উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ড. উৎপাদন এলাকা ঠিক রেখে কৃষিপণ্যের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে।
- ঢ. তুলা উৎপাদন বৃদ্ধি কৃষকদের জন্য লাভজনক কিনা তা পরীক্ষা করে কৃষককে লাভজনক কৃষিতে উদ্বুদ্ধ করতে হবে।


(নাকিসা আরেফীন)
উপসচিব
ফোন: ৫৫১০০৮৮৫
e-mail: dsadmn32014@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) কৃষি মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধানগণ।
- ০৩) যুগ্মসচিব (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ০৭) সিনিয়র তথ্য অফিসার, মাননীয় উপদেষ্টার দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।